দৈনিক ইনকিলাব

তারিখ 01 APR 1988 পৃষ্ঠা ... !! কলাম 7

016

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## সংস্থাপন মন্ত্রণালয়
## জাতীয় কম্পিউটার কমিটি
# বিজ্ঞপ্তি

জাতীয় কম্পিউটার কমিটি (জা-ক-ক) সিদ্ধান্ত নিয়েছে যে জাতীয় শিক্ষা পদ্ধতিতে সার্বজনীন কম্পিউটার শিক্ষার প্রচলনের উদ্দেশ্যে প্রাথমিকভাবে তৃতীয় শ্রেণী থেকে নবম শ্রেণীর পাঠ্যক্রমে কম্পিউটার শিক্ষার প্রচলন-এর জন্য শিক্ষা মন্ত্রণালয় ও জাতীয় শিক্ষাক্রম ও টেকস্ট বুক বোর্ড-এর মাধ্যমে প্রচেষ্টা চালানো হবে। এতদুদ্দেশ্যে তৃতীয় শেরণী থেকে অষ্টম শ্রেণীসমূহের সংশ্লিষ্ট পাঠ্যপুস্তকগুলিতে উপযুক্ত অধ্যায়/অনুচ্ছেদ সংযোজন করা হবে এবং নবম শ্রেণীতে কম্পিউটারকে একটি স্বয়ংসম্পূর্ণ আলাদা ঐচ্ছিক বিষয় হিসাবে চালু করা হবে। যেসব শ্রেণী ও পাঠ্যপুস্তকে কম্পিউটার সংক্রান্ত অধ্যায়/অনুচ্ছেদ সংযোজন করা হবে। তাহার তালিকা নিম্নরূপঃ

| ২। শ্রেণীর নাম | যে পুস্তক/বিষয়সমূহে অধ্যায় সংযোজন করা হবে। |
|---|---|
| ক) তৃতীয় শ্রেণী | (১) প্রাথমিক গণিত ৩য় ভাগ,<br>(২) পরিবেশ-পরিচিতি |
| খ) চতুর্থ শ্রেণী | (১) প্রাথমিক গণিত ৪র্থ ভাগ<br>(২) পরিবেশ পরিচিতি বিজ্ঞান |
| গ) পঞ্চম শ্রেণী | (১) প্রাথমিক গণিত ৫ম ভাগ,<br>(২) পরিবেশ পরিচিতি বিজ্ঞান |
| ঘ) ষষ্ঠ শ্রেণী | (১) নিম্ন মাধ্যমিক গণিত<br>(২) সাধারণ বিজ্ঞান |
| ঙ) সপ্তম শ্রেণী | (১) নিম্ন মাধ্যমিক গণিত<br>(২) সাধারণ বিজ্ঞান |
| চ) অষ্টম শ্রেণী | (১) নিম্ন মাধ্যমিক গণিত<br>(২) সাধারণ বিজ্ঞান |
| ছ) নবম শেরণী | (১) ১০০ নম্বরের একটি স্বয়ংসম্পূর্ণ বিষয়ের জন্য পুস্তক। |

৩। উপরোক্ত প্রচেষ্টা চালাতে জা-ক-ক দেশের আগ্রহী বিদ্যানুরাগীদের সহায়তা কামনা করে। উক্ত কাজকে দু'টি অংশে ভাগ করা যায়; প্রথমতঃ অনুচ্ছেদ ২-এ উল্লেখিত সংযোজনীর জন্য একটি খসড়া পাঠ্যক্রম তৈরী করা, দ্বিতীয়তঃ উক্ত খসড়া পাঠ্যক্রম-এর আলোকে অধ্যায়গুলির সঠিক পাঠ্য ও অনুশীলনী তৈরী করা। উৎসাহী ব্যক্তিবর্গের কাছ থেকে উক্ত খসড়াসমূহ লেখার জন্য অনুরোধ করা হচ্ছে। উল্লেখ করা যেতে পারে যে, নির্বাচিত খসড়ার লেখককে সরকারী হারে উপযুক্ত পারিশ্রমিক দেয়া হবে।

৪। খসড়াসমূহ পরীক্ষা নীরিক্ষার পর সবচেয়ে উপযুক্ত লেখা নির্ধারণের জন্য একটি উচ্চপর্যায়ের কমিটি গঠন করা হয়েছে। লেখাসমূহ ডাবল স্পেসে, কাগজের এক পৃষ্ঠায় পরিষ্কার হাতের লেখা অথবা টাইপ করে দুই কপি নিম্নস্বাক্ষরকারীর কাছে প্রেরণ করতে হবে। বিভিন্ন পর্যায়ের লেখা পাঠানোর সর্বশেষ তারিখ নিম্নরূপঃ

ক) তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণী— ১০ই এপ্রিল, ১৯৮৮ ইং
খ) ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণী — ১০ই মে, ১৯৮৮ ইং
গ) নবম শ্রেণী (পুস্তক) — ১০ই জুলাই, ১৯৮৮ ইং

৫। উক্ত বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সাথে টেলিফোনে বা পত্রের মাধ্যমে যোগাযোগ করা যেতে পারে।

(এ বি এম রুহুল আমীন সিদ্দিক)
সিঃ সিস্টেম এনালিস্ট, পিএসিসি
ও
সদস্য সচিব, জাতীয় কম্পিউটার কমিটি,
সংস্থাপন মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ফোনঃ ২৪১১৫৭

ডিএফপি-(স)৪৪৪১/৩০-৩
জি—১৪৩১/৮৮